দূরভাষ ঃ ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স ঃ ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা
কোলকাতা ঃ ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -                                                                                    তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ৭৩                                                    সময়ঃ বেলা ২.৩০ টা
তাং - ৩০।০১।২০২৬                                        স্থানঃ পৌরসভা সভাকক্ষ

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (৭২নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন।
(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৫) নামজারিকরনের অনুমোদন।
(৬) বিবিধ।

**উপস্থিতিঃ**

* পৌরপ্রধানঃ শ্রী নিমাই ঘোষ
* উপ-পৌরপ্রধানঃ শ্রী প্রকাশ রাহা

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

* মহঃ নজরুল ইসলাম
* মাসতুরা সাহানি
* মহঃ জুম্মান আলী
* শ্রীমতী মমতা রায় সেন
* শ্রী গোপাল চন্দ্র ঘোষ
* শ্রীমতী কনিকা দেবনাথ
* শ্রী পঙ্কজ কান্তি চন্দ
* শ্রী সুভাষ ব্যানার্জী
* শ্রীমতী সুমিতা ঘোষ
* শ্রীমতী অনিতা মুখার্জী
* শ্রীমতী অন্তরা মজুমদার
* শ্রী সুকুমার মন্ডল
* শ্রী কিশোর কুমার রায়
* শ্রীমতী রাধারানী দত্ত
* শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক
* শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
* শ্রী অলোক সাহা
* শ্রীমতী বৈশালী ব্যানার্জী
* শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
* শ্রী সঞ্জয় মন্ডল
* শ্রী অরুপ কুমার ঘোষ

মধ্যমগ্রাম পৌরসভা উত্তর ২৪পরগনা মধ্যমগ্রাম

অন্যান্য উপস্থিতিঃ শ্রী রাজেন্দ্র নাথ মাহাতা - নির্বাহী আধিকারিক
শ্রী প্রসুন ঘোষ - অর্থ আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে শ্রী অলোক সাহা জানতে চান পৌরসভায় যে Standing Committee গুলি তৈরী হয়েছিল সেগুলির নিয়মিত সভা হচ্ছে কি এবং সভা হলে কি পদ্ধতিতে হয়।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন অর্থ বিষয়ক Standing Committee তে আপনি আছেন। ২টি সভা হয়েছে। বাকী কমিটিগুলি ১টি করে সভা করেছে। মিটিং এর সুপারিশ পৌরবোর্ডে আলোচনা করা হয়। প্রত্যেক কমিটির একজন Chairman আছেন। তিনি সভা ডাকলে আমায় জানালে আমি থাকি। আগামী দিনে কমিটি গুলির সভা যাতে নিয়মিত হয় সেজন্য নির্বাহী আধিকারিককে যোগাযোগ রাখতে বলবো।

শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক বলেন APAS এর কাজে ১০৫ নং বুথে একটি ঝিলের পাড় বাঁধানোর কাজে ৫০০০ মানুষ উপকৃত হতেন। কিন্তু পাশে একটি রাস্তার কাজ হচ্ছে তাতে ২০০ মানুষ উপকৃত হবেন। Priority অনুযায়ী কাজটা হচ্ছে না কেন তা জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন ঝিলটি ব্যক্তিগত মালিকানাধীন । APAS এর কাজে কোন ব্যক্তি মালিকনা জমিতে কাজ করা যাবে না। ফলে রাস্তাটি মাপা হয়েছিল। ঝিলের মালিকের সাথে কথা বলে, তাকে করতে বলুন।

শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক বলেন ঝিলের মালিক কে তা জানা যাচ্ছে না।

শ্রী অলোক সাহা বলেন ১৯ নং ওয়ার্ডেও একটা মালিক খোঁজহীন পুকুর ছিল। আমি ঐ এলাকার মানুষকে নিয়ে পুকুরের সোন্দর্যায়ণ করেছিলাম। এখন যার নাম ক্ষেয়াতরী।

শ্রীমতী বৈশালী ব্যানার্জী বলেন গতসভায় বলেছিলাম সোদপুর রোডে আরতী হলের কাছে ভীষণ যানজট হয়। রাস্তা পারাপারের সমস্যা। আবারও বলছি স্কুলের সময় ছাত্রছাত্রীদের ভীষন অসুবিধা হচ্ছে। Traffic এর ব্যবস্হা করার জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন আমি Traffic এর OC কে বলেছিলাম। আপনিও থানা এবং Traffic এর OC র সাথে দেখা করে বিষয়টি বলুন। প্রয়োজনে চিঠি করবেন। আমি আবারও বলবো Traffic এর বন্দোবস্ত করার জন্য।

শ্রীমতী অন্তরা মজুমদার পুকুর হতে সরস্বতী প্রতিমা দ্রুত তোলানোর ব্যবস্থা করার জন্য ধন্যবাদ জানিয়ে বলেন পুকুরে মাটি ভরে গেছে। মাটি তোলার জন্য কিছু শ্রমিক বরাদ্দ করার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন কাউন্সিলর তহবিল হতে শুরু করুন। প্রয়োজনে দেওয়া যাবে।

মাননীয় উপ-পৌরপ্রধান শ্রী প্রকাশ রাহা মহাশয় বলেন রবীন্দ্রপল্লী প্রথম সরণী হতে শ্রীপুর পর্যন্ত এবং স্টেশন সংলগ্ন মিনু পাইকের দোকান হতে টিকিট কাউন্টার পর্যন্ত ড্রেন দুটি খুব শীঘ্র পরিষ্কার করা দরকার।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন ২০নং ওয়ার্ডের কাউন্সিলর তহবিল হতে করানো হয়েছে। ২১নং এর টার ব্যাপারে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে জানান।

শ্রী অরুপ কুমার ঘোষ মহাশয় বলেন ১৯নং ওয়ার্ডে Mastic এর কাজ ভাল হয়েছে বলে কাউন্সিলর অলোকবাবু ধন্যবাদ জানিয়ে Flex লাগিয়েছেন। পৌরবোর্ডের সভায় ধন্যবাদ জানালে ভালো হতো।

শ্রী অলোক সাহা বলেন ইতিমধ্যেই ধন্যবাদ জানিয়ে Flex লাগিয়েছি। আপনি বললেন। বোর্ডকেও ধন্যবদ জানালাম।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বিগত সভার (৭২নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকল সদস্য কোনো প্রকার আপত্তি বা মতামত না জানানোয় বিগত সভার (৭২নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন APAS এর কাজের ৫৫২ টির মধ্যে ৩৯০টি কাজের Work Order দেওয়া হয়ে গেছে। বাকী কাজের মধ্যে ৭০টি Financial Bid এর জন্য

এবং ৪৭টি Technical Bid পর্যবেক্ষনের জন্য MED তে পাঠানো হয়েছে। পথশ্রী কাজের Work Order KMDA দিয়েছে। Contractor রা বসে Site দেখতে চাইলে কাউন্সিলরদের Site দেখিয়ে দেওয়ার জন্য বলেন। ওরা দ্রুত কাজ করবে বলে জানান। কতকগুলি কাজের NIT তহবিল সহ অনুমোদনের প্রস্তাব দেন। ADP 25 - 26 এর কাজের ২টি ওয়ার্ড হতে এখনএ তালিকা আসেনি বলে জানান। দ্রুত জমা না করলে ২টি ওয়ার্ড বাদ দিয়েই Tender আহ্বান করা হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন পথশ্রীর কাজ Contractor রা দ্রুত করবে। Material ফেলার জায়গার জন্য কাউন্সিলরদের সহযোগিতা করতে বলেন।

মাননীয় উপপৌরপ্রধান শ্রী প্রকাশ রাহা বলেন APAS এর কাজের List করে সকল নাগরিকদের দেওয়ার জন্য কাউন্সিলরদের প্রস্তাব দেন।

শ্রী অরুপ কুমার ঘোষ বিষয়টি সমর্থন করে বলেন নির্দেশিকা অনুযায়ী কাজ শুরুর সময় ব্যানার লাগাতে হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন কাজের শুভ শিলান্যাসের সময় নাগরিকদের নিয়ে উপস্থিত থাকতে হবে। Geo Tagging করতে হবে। Flex লাগাতে হবে। ২টি করে। উপপৌরপ্রধানের প্রস্তাব সমর্থন করে কাউন্সিলরদের কাজের Leaflet করে নাগরিকদের দিতে বলেন।

শ্রী অরুপ কুমার ঘোষ DMA কাজের বর্তমান অবস্থা জানতে চান।

শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন ওটা HCM এর কাজ। Technical Bid পর্যবেক্ষনের পর্যায়ে আছে বলে জানান।

শ্রী অলোক সাহা বলেন পৌরএলাকা জুড়ে যে Promoting এর কাজ হচ্ছে সেই কাজের অধিকাংশ বেশ নিম্নমানের হচ্ছে। ছাদ দিয়ে জল পড়ে। প্লাস্টার খসে পড়েছে। Engineer দের Surpervise করার পর CC দেওয়ার জন্য প্রস্তাব দেন।

পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন ঠিক কথা বলেছেন। আমাদের তো phase wise permission দেওয়ার পদ্ধতি ছিল। পুনরায় phase wise permission দেওয়ার প্রস্তাব দেন।

শ্রী অরূপ কুমার ঘোষ মহাশয় বলেন সংশ্লিষ্ট অভিযোগ পৌরসভায় আসলে পৌরসভার দেখা উচিত।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন কাজের Quality আমাদের দেখার বিষয় নয়। এটা LBS রা দেখবে। তাদের দায়িত্ব আছে। আমরা LBS দের সভা ডেকে বলে দেব। নির্দিষ্ট কোন অভিযোগ আসলে তা অবশ্যই Engineer দের দিয়ে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

সভায় নিম্নলিখিত Tender গুলি তহবিল সহ অনুমোদিত হলঃ-

(1) WBMAD/MM/NIT-57e/2025-26 dt. 09.01.26 Sl. No. 1 to 3
Amount : Rs. 618790.00 Fund :APAS

(2) WBMAD/MM/NIT-58e/2025-26 dt. 09.01.26 Sl. No. 1
Amount : Rs. 113749.00 Fund :APAS

(3) WBMAD/MM/NIT-59e/2025-26 dt. 09.01.26 Sl. No. 1
Amount : Rs. 263097.00 Fund :APAS

(4) WBMAD/MM/NIT-21e/2025-26(2nd Call) dt. 09.01.26 Sl. No. 1
Amount : Rs. 486377.00 Fund :DMA 26-27

(5) WBMAD/MM/NIT-22e/2025-26 (2nd Call) dt. 09.01.26 Sl. No. 1
Amount : Rs. 385473.00 Fund :DMA 26-27

(6) WBMAD/MM/NIT-23e/2025-26 (2nd Call) dt. 09.01.26 Sl. No. 1
Amount : Rs. 1114641.00 Fund :DMA 26-27

(7) WBMAD/MM/NIT-25e/2025-26(2nd Call) dt. 09.01.26 Sl. No. 1
Amount : Rs. 287987.00 Fund :SSM

(8) WBMAD/MM/NIT-31e/2025-26(2nd Call) dt. 09.01.26 Sl. No. 1
Amount : Rs. 156852.00 Fund :Budgetary Allocation

(9) WBMAD/MM/NIT-31e/2025-26(2nd Call) dt. 09.01.26 Sl. No. 2
Amount : Rs. 283615.00 Fund :Budgetary Allocation

(10) WBMAD/MM/NIT-31e/2025-26(2nd Call) dt. 09.01.26 Sl. No. 3
Amount : Rs. 300425.00 Fund :Budgetary Allocation

(11) WBMAD/MM/NIT-31e/2025-26(2nd Call) dt. 09.01.26 Sl. No. 4
Amount : Rs. 996542.00 Fund :Budgetary Allocation

(12) WBMAD/MM/NIT-32e/2025-26(2nd Call) dt. 09.01.26 Sl. No. 1

Amount : Rs. 473263.00 Fund :Budgetary Allocation

(13) WBMAD/MM/NIT-36e/2025-26(2nd Call) dt. 09.01.26 Sl. No. 1

Amount : Rs. 115614.00 Fund :Budgetary Allocation

(14) WBMAD/MM/NIT-37e/2025-26(2nd Call) dt. 09.01.26 Sl. No. 1

Amount : Rs. 93567.00 Fund :Budgetary Allocation

(15) WBMAD/MM/NIT-60e/2025-26 dt. 29.01.26 Sl. No. 1

Amount : Rs. 770375.00 Fund :APAS

(16) WBMAD/MM/EL/NIT-05e/2025-26 dt. 29.01.26 Sl. No. 1

Amount : Rs. 65959.00 Fund :APAS

(17) WBMAD/MM/EL/NIT-05e/2025-26 dt. 29.01.26 Sl. No. 2

Amount : Rs. 153839.00 Fund :APAS

(18) WBMAD/MM/EL/NIT-06e/2025-26 dt. 29.01.26 Sl. No. 1

Amount : Rs. 74853.00 Fund :APAS

(19) WBMAD/MM/EL/NIT-06e/2025-26 dt. 29.01.26 Sl. No. 2

Amount : Rs. 98857.00 Fund :APAS

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) ৪টি পুরানো Pump Motor Repairing করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(২) মধ্যমগ্রাম পৌরসভার অন্তর্গত সাঝিরহাট শশ্মানের বৈদ্যতিক চুল্লী পুনরায় নির্মানের জন্য e-tender No. WBMAD/MM/EL/NIT-04e/2025-26, Rs. 4429940.00 অনুমোদিত হলো। উক্ত ব্যয় ADP (2025-26) তহবিল থেকে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(৩) মধ্যমগ্রাম পৌরসভার অন্তর্গত বিভিন্ন ওয়ার্ডের Street Light রক্ষনাবেক্ষনের জন্য বৈদ্যুতিক সরঞ্জাম ক্রয়ের উদ্দেশ্যে e-Tender No. WBMAD/MM/EL/NIQ-02e/2025-26 অনুমোদিত হলো।

(৪) নিম্নলিখিত Tender গুলি তহবিল সহ অনুমোদিত হলোঃ-

(i) WBMAD/MM/EL/NIT-2e/2025-26, dt. 15.12.2025, Sl. No. 1 to 13,
Amount : Rs. 1376879.00
Fund : APAS

(ii) WBMAD/MM/EL/NIT-3e/2025-26, dt. 15.12.2025, Sl. No. 1 to 14
Amount : Rs. 3286084.00
Fund : Budgetary Allocation of Light Department of UDMA

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

পৌরপারিষদ সদস্য জনাব নজরুল ইসলাম মহাশয় বলেন কঠিন বর্জ্য ব্যবস্হাপনা প্রকল্পে বাড়ি বাড়ি হতে বর্জ্য নেওয়ার কাজ ১৯ ও ২৩ নং ওয়ার্ডে Geo Tagging এর মাধ্যমে survey র কাজ শুরু হয়েছে। বাকী ওয়ার্ড গুলিতে ধাপে ধাপে হবে। ২০২৬ সালের ডেঙ্গু প্রতিরোধের কাজের একটা সভা গত ১৭.০১.২৬ তারেখে SUDA তে ছিল। আমি ও S.I. গেছিলাম। পৌরসভায় কর্মরত সকল স্তরের সাফাই কর্মীদের প্রতি তিনমাস অন্তর স্বাস্থ্য পরীক্ষার কাজ শুরু হবে।ওয়ার্ডের মধ্যে কোন জঞ্জাল বেশীদিন ধরে জমা না থাকে সেদিকে সকল কাউন্সিলরকে লক্ষ্য রাখতে অনুরোধ করেন।

(৫) নামজারিকরনের অনুমোদনঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত ৪৫৪ টি নামজারিকরনের আবেদনপত্র অনুমোদিত হল।

(৬) বিবিধঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) জঞ্জাল সাফাইকার্য্য দ্রুত করবার লক্ষে ৭ জন চালক নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হল। চালকদের প্রতিদিনের পারিশ্রমিক ৪০৪.০০ টাকা করে WBUEGS তহবিল হতে দেওয়া হবে। নিয়োগের জন্য খবরের কাগজে Website ও পৌরসভার নোটিশ বোর্ডে বিজ্ঞাপন দেওয়া হবে এবং একটি Recruitment Committee গঠন করার সিদ্ধান্ত গৃহীত হল।

(২) পৌরসভা পরিচালিত নেতাজী সুভাষচন্দ্র বোস স্পেশালাইজড হাসপাতাল ও রিসার্চ সেন্টারের USG কাজের জন্য একটি প্রিন্টার ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হল। প্রিন্টার ক্রয় বাবদ যে ৫১০০০০.০০ টাকা ব্যয় হবে তা পৌরতহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৩) পৌরসভা পরিচালিত নেতাজী সুভাষচন্দ্র বোস স্পেশালাইজড হাসপাতাল ও রিসার্চ সেন্টারে Sweeper ও OT Boy পদে কর্মরত কর্মী যথাক্রমে কার্ত্তিক দাস ও গোপাল দাসের মৃত্যু এবং Counter Boy, Guard এবং Lab Technician পদে কর্মরত কর্মী যথাক্রমে প্রদীপ ভৌমিক, আব্দুল হান্নান ও উৎপল সেনগুপ্ত retire করায় উক্ত পাঁচটি পদে কর্মী নিয়োগের অনুমতির জন্য Director , SUDA-র নিকট আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৪) পৌরসভা পরিচালিত নেতাজী সুভাষচন্দ্র বোস স্পেশালাইজড হাসপাতাল ও রিসার্চ সেন্টারের নাগরিক পরিষেবা বৃদ্ধির লক্ষে নিম্নলিখিত পদে অস্থায়ী কর্মী নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হল। নিয়োগের ক্ষেত্রে Website ও পৌরসভার নোটিশ বোর্ডে বিজ্ঞাপন দেওয়া হবে এবং একটি recruitment কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হল। যে পদে নিয়োগ করা হবে তা নিম্নরূপঃ-
(১)Sweeper,(২)Pharmacist, (৩)Ward Boy(৪)Ward Sister,(৫)Female GDA

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ________________________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং __________
এর নিকট প্রেরিত হল।

ধন্যবাদান্তে,
নিমাই ঘোষ
পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪পরগনা
মধ্যমগ্রাম

Executive Officer
Madhyamgram Municipality
North 24 Parganas